# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

## বিজ্ঞপ্তি

স্মারক নং-০৮/কনি-০১/২৮৫ তারিখঃ ০৬/০১/২০২৬ইং

বিষয় : ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে ভর্তিপ্রক্রিয়া হতে বাদপড়া শিক্ষার্থীদের ভর্তিকরণ ও নিবন্ধন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে ভর্তিপ্রক্রিয়া হতে বাদপড়া শিক্ষার্থীদের ভর্তি/নিশ্চায়ন/নিবন্ধন কার্যক্রম আগামী ১৪/০১/২০২৬ তারিখ থেকে ২৮/০১/২০২৬ইং তারিখ পর্যন্ত চলবে। রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উচ্চমাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানকে ভর্তি ওয়েবসাইট (WWW.rajshahiboard.gov.bd) অথবা, www.rajshahieducationboard.gov.bd-এ লিংকে বাদপড়া শিক্ষার্থীদের নির্ধারিত ফি পরিশোধপূর্বক ভর্তি/নিশচায়ন/নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করা যাবে। আগামী ২৮/০১/২০২৬ইং তারিখ বিকাল ৫:০০ টার মধ্যে বাদপড়া শিক্ষার্থীদের ভর্তি/নিশ্চায়ন/নিবন্ধন কার্যক্রম প্রতিষ্ঠান কর্তৃক অনলাইনে সমুদয় কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কলেজ অনলাইনে বাদপড়া শিক্ষার্থীদের ভর্তি/নিশ্চায়ন/নিবন্ধন সম্পন্ন করতে ব্যর্থ হলে পরবর্তীতে উদ্ভূত জটিলতার জন্য বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না। ম্যানুয়াল কোন শিক্ষার্থীর ভর্তি/নিশ্চায়ন/নিবন্ধন কার্যক্রম করার কোন সুযোগ নেই।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

৬/১/২৬

প্রফেসর মো: মাহবুব হাসান-৯৫২২
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
ফোন নম্বর-০২৫৮৮৮৫৫৯৬৩

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
উচ্চমাধ্যমিক পর্যায়ের সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান।

অনুলিপি অবগতি ও কার্যার্থে:

১। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট,মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী (অনলাইন প্রক্রিয়ায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য)
৩। অফিস নথি

Rizaul-1-VORTI-MaNoal-Online_Bigpit_02